# অপর্চুনিটি ক্লাস এন্ড সিলেক্টিভ হাই স্কুল

## পিতামাতা এবং পরিচর্যাকারীদের জন্য তথ্য

### অপর্চুনিটি ক্লাস কি?

অপর্চুনিটি কলাস ইয়ার ৫ এবং ইয়ার ৬-এর বুদ্ধিবৃত্তিকভাবে প্রতিভাধর এবং উচ্চ সম্ভাবনাময় শিক্ষার্থীদের নিয়ে গঠিত হয়। NSW জুড়ে ৮৭ স্কুল রয়েছে যেখানে অপর্চুনিটি কলাস (ভার্চুয়াল অপর্চুনিটি কলাস সহ) আছে যা সরকারি শিক্ষা ব্যবস্থার অংশ।

### সিলেক্টিভ হাই স্কুল কি?

সিলেক্টিভ হাই স্কুলগুলো ইয়ার ৭ থেকে ইয়ার ১২ পযন্ত বুদ্ধিবৃত্তিকভাবে প্রতিভাধর এবং উচ্চ সম্ভাবনাময় হাই স্কুলের শিক্ষার্থীদের নিয়ে গঠিত হয়। এখানে ১৭টি সম্পূর্ণ সিলেক্টিভ হাই স্কুল, ২৬টি আংশিকভাবে সিলেক্টিভ হাই স্কুল, ৪টি কৃষি সিলেক্টিভ হাই স্কুল (কিছু বোর্ডিং সুবিধা সহ) এবং একটি ভার্চুয়াল সিলেক্টিভ হাই স্কুল রয়েছে।

### একটি অপর্চুনিটি ক্লাস বা সিলেক্টিভ হাই স্কুলে যোগদানের সুবিধাগুলো কী কী?

গবেষণায় দেখা গেছে যে উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাধর শিক্ষার্থীদের নির্দিষ্ট শিক্ষা এবং কল্যাণের প্রয়োজন রয়েছে। অপর্চুনিটি কলাস এবং সিলেক্টিভ হাই স্কুলে শিক্ষাকে শিশুদের যোগ্যতা অনুযায়ী একটি উপযুক্ত স্তরের চ্যালেঞ্জ প্রদানের জন্য ডিজাইন করা হয়। অনেক উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাধর শিক্ষার্থীরা যখন অনুরূপ সামর্থ্যের সমবয়সীদের সাথে একত্রিত হয় তখন তারা স্বকীয়তা এবং বোঝার অনুভূতি অনুভব করে।

### আমি কিভাবে জানব যে আমার সন্তানের উচ্চ সম্ভাবনা আছে বা সে প্রতিভাধর?

যেসব শিশুর উচ্চ সম্ভাবনা রয়েছে বা প্রতিভাধর তাদের এই প্রবণতাগুলো রয়েছে:

- তীব্রভাবে কৌতূহলী হওয়া
- দ্রুত এবং সহজে নতুন ধারণা বা দক্ষতা শিখা
- ভাল স্মৃতিশকিত দেখায়
- জটিল প্রশ্ন জিজ্ঞাসা করে
- সৃজনশীল হয়
- জটিল উপায়ে চিন্তা করা উপভোগ করে
- নতুন জিনিস শেখার সময় কম পুনরাবৃত্তির প্রয়োজন হয়
- তাদের আগ্রহ বা আবেগের ক্ষেত্রে অত্যন্ত মনোযোগী হয়

আপনি যদি দেখেন যে আপনার সন্তান এই বৈশিষ্ট্যগুলোর অনেকগুলো প্রদর্শন করছে তবে আবেদন করার কথা বিবেচনা করার জন্য সুপারিশ করা হয়।

## শিক্ষার্থীরা কীভাবে ভর্তির জন্য যোগ্যতা অর্জন করবে?

শিক্ষার্থীরা বিনামূল্যে একটি নির্বাচনী পরীক্ষায় বসে।

অপর্চুনিটি ক্লাস নির্বাচনী পরীক্ষায় পরপর তিনটি অংশ রয়েছে:

- পড়া (রিডিং)
- গাণিতিক যুক্তি (ম্যাথমাটিকাল রিসনিং)
- চিন্তা করার দক্ষতা (থিঙ্কিং স্কিলস )।

সিলেক্টিভ হাই স্কুল নির্বাচনী পরীক্ষায় পরপর চারটি অংশ রয়েছে:

- পড়া (রিডিং)
- গাণিতিক যুক্তি (ম্যাথমাটিকাল রিসনিং)
- চিন্তা করার দক্ষতা (থিঙ্কিং স্কিলস )
- লেখা (রাইটিং)।

## ইক্যুইটি প্লেসমেন্ট (সমতা ভিত্তিক স্থান পাওয়া)

শিক্ষা বিভাগ একটি ইক্যুইটি প্লেসমেন্ট মডেল বাস্তবায়ন করেছে যাতে কম-প্রতিনিধিত্বহীন গোষ্ঠী থেকে উচ্চ সম্ভাবনাময় এবং প্রতিভাধর শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব বৃদ্ধি পায়। এই মডেলের অধীনে স্থানগুলোর একটি অংশ নিম্নলিখিত গোষ্ঠীর জন্য বরাদ্দ থাকে:

- শিক্ষা গ্রহণের ক্ষেত্রে নিম্ন সুবিধা ভোগী সমাজের শিক্ষার্থীরা
- আদিবাসী শিক্ষার্থী
- গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলের শিক্ষার্থী
- প্রতিবন্ধী শিক্ষার্থী।

সমতা ভিত্তিক স্থান পাওয়া (বা ইক্যুইটি প্লেসমেন্টের) জন্য আলাদা কোনো আবেদন প্রক্রিয়া নেই। প্রতিটি ইক্যুইটি গ্রুপের শিক্ষার্থীদেরকে তাদের আবেদনপত্রের তথ্য এবং বিভাগের কাছে থাকা অন্যান্য তথ্য ব্যবহার করে চিহ্নিত করা হবে। আরও তথ্যের জন্য দেখুন: https://education.nsw.gov.au/schooling/parents-and-carers/choosing-a-school-setting/selective-high-schools/fair-access

## শিক্ষার্থীদের কি পরীক্ষার জন্য অনুশীলন করতে হবে?

প্লেসমেন্ট পরীক্ষাটি মুখস্থ কৌশলের পরিবর্তে যাদের ব্যতিক্রমী সমালোচনামূলক চিন্তাভাবনার দক্ষতা আছে সেসকল শিক্ষার্থীদের চিহ্নিত করে। শিক্ষার্থীরা পরীক্ষার ধরন-ধারনের সাথে পরিচিত কিনা তা নিশ্চিত করতে শিক্ষা বিভাগের ওয়েবসাইটে নির্বাচনী পরীক্ষাগুলোর উদাহরণ দেখতে পারে। বাবা-মায়েদের জানা দরকার যে পরীক্ষার জন্য প্রচুর কোচিং করে কোন পার্থক্য হয় এমন কোন বিশ্বাসযোগ্য প্রমাণ নেই।

আপনি এখানে পুরানো অপর্চুনিটি ক্লাস নির্বাচনী পরীক্ষাগুলো দেখতে পারেন: https://education.nsw.gov.au/schooling/parents-and-carers/choosing-a-school-setting/selective-high-schools/placement-test/opportunity-class-practice-tests

আপনি এখানে পুরানো সিলেক্টিভ হাই স্কুল নির্বাচনী পরীক্ষাগুলো দেখতে পারেন: https://education.nsw.gov.au/schooling/parents-and-carers/choosing-a-school-setting/selective-high-schools/placement-test/selective-high-school-practice-tests

## কে আবেদন করতে পারে?

- NSW-এর সরকারি এবং বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারে।
- অপর্চুনিটি কলাসে ভর্তি হওয়ার জন্য শিক্ষার্থীদের অবশ্যই অস্ট্রেলিয়া বা নিউজিল্যান্ডের নাগরিক বা অস্ট্রেলিয়ার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আন্তঃরাজ্য এবং বিদেশী শিক্ষার্থীরা আবেদন করতে পারে যদি তাদের পরিবার ভর্তির সময় NSW-তে থাকে এবং তাদের স্কুলে পড়ার সময়কালীন NSW-তে বসবাস করতে মনস্থ করে।
- যেসকল পরিবারগুলো ইতিমধ্যেই স্থায়ীভাবে বসবাসের জন্য আবেদন করেছে এবং স্বরাষ্ট্র মন্ত্রনালয় থেকে নথি রয়েছে যা তাদের একটি যুক্তিসঙ্গত প্রত্যাশা দেয় যে নির্বাচনী পরীক্ষার ফলাফল জানানোর আগে স্থায়ীভাবে বসবাসের অনুমতি দেওয়া হবে, তারাও আবেদন করার যোগ্য হবে।

## আবেদন করা কখন শুরু হয়?

শিক্ষার্থীরা যখন ইয়ার ৪-তে থাকে তখন অপর্চুনিটি কলাসের জন্য এবং যখন ইয়ার ৫-এ থাকে তখন সিলেক্টিভ হাই স্কুলের জন্য আবেদন করা যায়। মূল আবেদনের তারিখ এবং অন্যান্য তথ্য বিভাগের ওয়েবসাইটে পাওয়া যাবে। https://education.nsw.gov.au/schooling/parents-and-carers/choosing-a-school-setting/selective-high-schools/application-process

## আমি কিভাবে আমার সন্তানের ভর্তির জন্য আবেদন করব?

- সকল আবেদন অনলাইনে পূরণ করতে হবে: https://shsoc.education.nsw.gov.au/
- আবেদনটি অবশ্যই ইংরেজিতে সম্পন্ন করতে হবে।
- বাবা-মায়েরা অপর্চুনিটি কলাসের জন্য দুটি স্কুল এবং সিলেক্টিভ হাই স্কুলের জন্য তিনটি পর্যন্ত মনোনীত করতে পারেন। আবেদনে তাদের পছন্দের ক্রম অনুযায়ী  পছন্দ তালিকাভুক্ত করা উচিত। যেখানে শিক্ষার্থীরা একাধিক স্কুলের জন্য যোগ্যতা অর্জন করে, তাদের শুধুমাত্র তাদের প্রথম পছন্দের স্কুল দেওয়া হবে।
- প্রতিবন্ধী বাবা-মা যারা অনলাইনে আবেদন পূরণ করতে পারবে না তাদের উচিত সহায়তার জন্য হাই পারফর্মিং স্টুডেন্টস টিমের সাথে 1300 880 367 নম্বরে ফোন করে যোগাযোগ করা।
- আবেদন জমা বা নির্বাচনী পরীক্ষার জন্য কোন খরচ নেই।

## অপর্চুনিটি ক্লাস এবং সিলেক্টিভ হাই স্কুলগুলো কোথায়?

অপর্চুনিটি কলাসগুলো রাজ্য জুড়ে NSW সরকারি স্কুলগুলোতে অবস্থিত এবং এখানে তালিকাভুক্ত করা হয়েছে: https://education.nsw.gov.au/schooling/parents-and-carers/choosing-a-school-setting/selective-high-schools/choosing-a-school/opportunity-classes#findoc

সিলেক্টিভ হাই স্কুলগুলো হল NSW সরকারি স্কুল এবং এখানে তালিকাভুক্ত করা হয়েছে: https://education.nsw.gov.au/schooling/parents-and-carers/choosing-a-school-setting/selective-high-schools/choosing-a-school/selective-high-schools#findshs

## ভার্চুয়াল অপর্চুনিটি ক্লাস এবং ভার্চুয়াল সিলেক্টিভ হাই স্কুল

আপনি যদি গ্রামীণ বা প্রত্যন্ত অঞ্চলে থাকেন তবে আপনার সন্তান Aurora College এ স্থানের জন্য আবেদন করার যোগ্য হতে পারে। এই সরকারি স্কুলে ভার্চুয়াল অপর্চুনিটি কলাস এবং ভার্চুয়াল সিলেক্টিভ হাই স্কুল রয়েছে।

শিক্ষার্থীরা তাদের স্থানীয় সরকারী স্কুলে যোগদান করে এবং একটি অনলাইন কনফারেন্সিং সিস্টেম ব্যবহার করে অপর্চুনিটি কলাস এবং সিলেক্টিভ হাই স্কুলে যোগ দেয়।

অপর্চুনিটি কলাশ আছে এমন স্কুলে যে সকল শিক্ষার্থীরা যায় অথবা বর্তমানে অপর্চুনিটি কলাশগুলো যে সকল এলাকাতে আছে তার আওতাধীনে থাকা স্কুল গুলোতে যেই শিক্ষার্থীরা যায় এবং যেসকল শিক্ষার্থীরা সিলেক্টিভ হাই স্কুলে যায়, তারা Aurora College-এ ভর্তির জন্য আবেদন করার যোগ্য নয়।

## কোথায় আমি আরও তথ্য পেতে পারি?

- ওয়েবসাইটে থাকা আবেদনের তথ্য পড়ুন https://education.nsw.gov.au/schooling/parents-and-carers/choosing-a-school-setting/selective-high-schools
- হাই পারফমিং স্টুডেন্টস টিমের সাথে যোগাযোগ করুন।
  ইমেল: ssu@det.nsw.edu.au
  টেলিফোন: 1300 880 367
- SHS Facebook: https://www.facebook.com/groups/772251106301086/
- OC Facebook: https://www.facebook.com/groups/159342048077050/

## টেলিফোন দোভাষী পরিষেবা

আপনার অনুসন্ধানে সহায়তা করার জন্য আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবাতে কল করুন, আপনার যে ভাষা প্রয়োজন এবং আপনি যে ফোন নম্বরে কল করতে চান তা অপারেটরকে বলুন। অপারেটর নম্বরটিতে কল করবে এবং আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবে। এই পরিষেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।